# অভ্র কিবোর্ড ৫

# ব্যবহার নির্দেশিকা

**তৃতীয় সংস্করণ:** ১ জানুয়ারি ২০১১

**দ্বিতীয় সংস্করণ:** ২৬ মার্চ ২০০৭

**পরিমার্জিত প্রথম সংস্করণ:** ২০ ফেব্রুয়ারি ২০০৬

**প্রথম সংস্করণ:** ৯ ফেব্রুয়ারি ২০০৬

OmicronLab

http://www.omicronlab.com

# General settings:

☑ Start Avro Keyboard with Windows

প্রতিবার উইন্ডোজ স্টার্ট হওয়ার সময় অভ্র কিবোর্ডও চালু হবে।

☑ Show splash screen at startup

অভ্র কিবোর্ড চালু হওয়ার সময় স্প্ল্যাশ স্ক্রিন দেখাবে।

**At stratup, Avro Keyboard will run as:**

- ○ Top Bar (on desktop, as toolbar)
- ○ System tray icon
- ◉ UI mode used last time

চালু হওয়ার সময় অভ্র কিবোর্ড টপ বার হিসেবে / সিস্টেম ট্রে আইকন হিসেবে / শেষবার যেভাবে চলছিল সেভাবে চালু হবে।

☑ Automatically check for update every week (anonymous)

ইন্টারনেট সংযোগ থাকলে অভ্র কিবোর্ড সপ্তাহে ১ বার নতুন ভার্শনের খোঁজ করবে। **অভ্র ইন্টারনেট সার্ভারে কোনরকম তথ্য পাঠায় না এবং আপনার গোপনীয়তা সুরক্ষিত রাখে।**

**When I click the cross (X) button on Top Bar:**


- ○ Minimize Avro Keyboard to the System Tray
- ○ Close Avro Keyboard
- ◉ Show option for both

টপ বারের মিনিমাইজ/এক্সিট বাটনে ক্লিক করলে অভ্র কিবোর্ড সরাসরি সিস্টেম ট্রেতে যাবে / বন্ধ হয়ে যাবে / আপনাকে মেনু প্রদর্শন করবে যেখানে দু'টো সুবিধাই থাকবে।


**টিপস:** এখানে যে অপশনই সিলেক্ট করা থাক, বাটনটির উপর রাইট ক্লিক করে যেকোনো সময়েই আপনি মেনুটি দেখতে পাবেন।



# Interface settings:




আপনি যখন টপবারে কাজ করছেন না তখন এটি সেমি ট্রান্সপারেন্ট উইন্ডো হিসেবে থাকবে যাতে এর পিছনের উইন্ডো দেখতে আপনার সমস্যা না হয়। স্লাইডারটি ব্যবহার করে টপ বার কী পরিমাণ ট্রান্সপারেন্ট হবে এটা আপনি নির্ধারণ করে দিতে পারেন। ০ বাছাই করলে টপ বার সম্পূর্ণ ট্রান্সপারেন্ট এবং ২৫৫ বাছাই করলে সম্পূর্ণ দৃশ্যমান হবে।





অভ্র কিবোর্ডের টপ বারটি স্কিন সমর্থিত। আপনি পছন্দমত স্কিন এখান থেকে বাছাই করতে পারেন অথবা আরও স্কিন বিনামূল্যে ইন্টারনেট থেকে ডাউনলোড করে নিতে পারেন।

# Global Hotkeys settings:





আপনি F1 থেকে F12 পর্যন্ত যেকোনো কী অথবা Ctrl+Space বাছাই করতে পারেন বাংলা কিবোর্ড মোড চালু/বন্ধ করার জন্য।

**লক্ষ করুন:** ওমিক্রনল্যাব F12 কী টি রেখেছে কিবোর্ড মোড পরিবর্তন করার জন্য। আপনি যখন কোন কী বাছাই করবেন কিবোর্ড মোড পরিবর্তন করার জন্য, কিবোর্ড মোড পরিবর্তন করার পরে অভ্র কিবোর্ড সেই কী অন্য কোন সফটওয়্যারে যেতে দেবে না। যেমন, উইন্ডোজ ভিত্তিক সফটওয়্যারগুলো F1 চাপলে হেল্প ফাইল দেখায়। আপনি F1 যদি কিবোর্ড মোড পরিবর্তন করার জন্য সিলেক্ট করেন, তাহলে F1 চাপলে আর অন্য কোন সফটওয়্যারে হেল্প ফাইল খুলবে না। জেনে রাখা ভাল, সাধারণত F2 দিয়ে ফাইল/ফোল্ডারের নাম পরিবর্তন করা যায়, F3 দিয়ে কোন কিছু Search/Find করা যায়, F4 Address bar (যদি থাকে) এ ফোকাস করার জন্য, F5 রিফ্রেশ করার জন্য, F10 মেনু কমান্ড এ যাওয়ার জন্য, F11 ইন্টারনেট ব্রাউজারগুলো কে Full Screen করার জন্য... ইত্যাদি।




বাংলা লেখার সময় ইউনিকোড/আনসি মোড পরিবর্তন করার জন্য Shift+F1 থেকে Shift+F12 যেকোনো কী আপনি বাছাই করতে পারেন।




অভ্র স্পেল চেকার চালু করার জন্য Ctrl+F1 থেকে Ctrl+F12 যেকোনো কী আপনি বাছাই করতে পারেন।

# Locale/Language settings:




এই অপশনটি সিলেক্ট করা থাকলে অভ্র কিবোর্ড কোন সফটওয়্যার এ আপনি কোন ভাষায় কাজ করছেন কিবোর্ড মোডের পাশাপাশি সেটাও মনে রাখে।

**লক্ষ করুন:** Input Locale/Input Language আসলে একটি ট্যাগ সিস্টেম, যেখানে আপনি কোন এডিটরে/ওয়ার্ড প্রসেসরে লেখার সময় সেটি বুঝতে পারে কোন ভাষায় আপনি লিখছেন। ফলে Spell check, grammar check, auto correction প্রভৃতি ফিচার সঠিকভাবে ব্যবহার করা যায়।

যেমন, আপনার একটি ওয়ার্ড ডকুমেন্ট এ যদি বাংলা-ইংরেজি মিলিতভাবে লেখা থাকে, Input Locale/Input Language ঠিকভাবে বাছাই করা থাকলে মাইক্রোসফট ওয়ার্ড শুধুমাত্র ইংরেজি লেখার বানান পরীক্ষা ইংরেজি ডিকশনারি থেকে করবে। বাংলা লেখাকে ইংরেজি ভেবে বানান ভুল ধরবে না।





উপরের অপশনটি সিলেক্ট করা থাকলে বাংলা লেখার সময় আপনি সেটাকে ভারতীয় বাংলা/বাংলাদেশী বাংলা/অসমীয়া ভাষা হিসেবে ট্যাগ করতে পারেন।

# Avro Phonetic settings:





অভ্র ফনেটিকে লেখার সময় প্রিভিউ উইন্ডো এবং ডিকশনারি সাজেশন দেখা যাবে।





নিচের তিনটা সেটিংস বুঝার জন্য আপনাকে অভ্রর প্রিভিউ উইন্ডো সম্পর্কে জানতে হবে।


- প্রিভিউ উইন্ডোতে প্রথম সাজেশন থাকে অটোকারেক্ট ডিকশনারি থেকে (যদি সেখানে আপনি যা লিখছেন সে সংক্রান্ত কোন এন্ট্রিই থাকে)
- দ্বিতীয় সাজেশন থাকে ক্লাসিক ফনেটিক, অর্থাৎ সরাসরি ইংরেজি থেকে বাংলা ট্রান্সলিটারেশন। আপনি অভ্র কিবোর্ডের পুরাতন ব্যবহারকারী হলে এতদিন এভাবেই বাংলা লিখেছেন। অটোকারেক্ট ডিকশনারিতে কিছু খুঁজে পাওয়া না গেলে এটাই হবে প্রথম সাজেশন। উপরের ছবির ১ম সাজেশন এটাই।
- এরপর অভ্র বাংলা ডিকশনারি থেকে সাজেশন দেখায়। উপরের ছবির ২য় এবং ৩য় সাজেশন ডিকশনারি থেকে নেয়া।
- একাধিক সাজেশনের বানান একই হলে অভ্র সবগুলো আলাদা করে না দেখিয়ে একটা দেখায়। যদি সবগুলো সাজেশনের বানান একই হয় অথবা ক্লাসিক ফনেটিক ছাড়া আর কোন সাজেশন খুঁজে পাওয়া না যায় (মোটকথা সব মিলিয়ে একটার বেশি কোন অপশন না থাকে) সেক্ষেত্রে শুধু প্রিভিউ উইন্ডো দেখা যায়, নিচের লিস্টটা আর আসে না।

উপরের কথাগুলো ভালোমতো বুঝতে এই ছবিটা দেখুন-








প্রতিটা শব্দ লেখার সময় অভ্র নিজে থেকে ডিকশনারি সাজেশন সিলেক্ট করে রাখবে, অর্থাৎ আপনি যখন লিখবেন, ডিকশনারি সাজেশন থেকেই লেখা হবে। যারা ক্লাসিক ফনেটিকের চেয়ে ডিকশনারি মোড বেশি পছন্দ করেন তারা এটা সিলেক্ট করে রাখতে পারেন। ডিকশনারি মোডে লেখার বেশ কিছু সুবিধা আছে, যেমন শিফট কী ছাড়াই টাইপ করা যায় (ফলে টাইপিং এর গতি বাড়ে), বানান ভুল হওয়ার সম্ভাবনা থাকে কম। যারা অভ্রর ক্লাসিক ফনেটিকও শেখার জন্য কঠিন মনে করেন, এটা তাদের জন্য উপযোগী হতে পারে।





প্রতিটা শব্দ লেখার সময় অভ্র নিজে থেকে ক্লাসিক ফনেটিক সাজেশন সিলেক্ট করে রাখবে। অভ্র পুরাতন ফনেটিক ব্যবহারকারীদের জন্য এটা সুবিধাজনক হতে পারে।





লেখার সময় যারা সাজেশন লিস্ট দেখতে চান না, সম্পূর্ণ পুরাতন অভ্রের স্টাইলে লিখতে চান, তারা এটা সিলেক্ট করে রাখতে পারেন।




সাজেশন লিস্ট থেকে বিভিন্ন শব্দ আপনি সরাসরি মাউস দিয়ে অথবা কিবোর্ডের আপ/ডাউন অ্যারো কী দিয়ে লিখতে পারেন। তবে এজন্য মূল কিবোর্ড থেকে হাত উঠাতে হয়, ফলে টাইপিং এর গতি কমে যায়। এই অপশনটা সিলেক্ট করা থাকলে আপনি ট্যাব কী দিয়েও সাজেশনগুলো সিলেক্ট করতে পারবেন।




যেকোনো শব্দে আপনি যদি আপ/ডাউন অ্যারো অথবা ট্যাব কী দিয়ে কোন সাজেশন সিলেক্ট করেন, অভ্র সেটা মনে রাখবে যাতে পরেরবার একই শব্দে আপনাকে আবার সেটা সিলেক্ট করতে না হয়।




অটোকারেক্ট অপশন চালু হবে।

☑ Type Jo+Nukta with Shift+J

Shift+J চাপলে জ় লেখা যাবে। বর্ণটি ভারতে বেশি ব্যবহৃত হয়।

☑ Type Dot (.) with Vertical Line/Pipe Key (|)

(Quick tip: Enable if your keyboard doesn't have NumPa-d to type dot.
Disable if you want to use Vertical Line/Pipe symbol to type
Mathematical Equations for example)

অভ্র ফনেটিকে ডট লেখার জন্য .` লিখতে হয়। আবার নাম্বারপ্যাডের . দিয়ে সরাসরিই ডট লেখা যায়। বেশিরভাগ ল্যাপটপ/নেটবুকে ইদানীং নাম্বারপ্যাড থাকে না। সেক্ষেত্রে এই অপশন সিলেক্ট থাকলে কিবোর্ডের | দিয়েই ডট লেখা যাবে।

# Avro Mouse settings:

◉ Do not change Keyboard Mode when I type with Avro Mouse

অভ্র মাউসে লেখার সময় কিবোর্ড মোড পরিবর্তিত হবে না।

○ Change Keyboard Mode to Bangla

অভ্র মাউসে লেখার সময় কিবোর্ড মোড বাংলায় পরিবর্তিত হবে।

# Fixed Layouts settings:

◉ **Use Modern Style Typing**
(Type Kar/Matra/Short Form Of Vowel always AFTER consonants)

এই অপশনটি সিলেক্ট করা থাকলে আপনি ফিক্সড কিবোর্ড লেআউটগুলো দিয়ে সাধারণভাবে ইউনিকোড নিয়মে লিখতে পারবেন। যেমন: "কোথায়" লিখতে চাইলে আপনাকে লিখতে হবে - "ক + ো + থ + া + য়"
বিস্তারিত জানতে চাইলে Bangla Typing with Fixed Keyboard Layouts শীর্ষক নির্দেশিকাটি পড়ুন।

☑ Enable "Old Style Reph"

ফিক্সড কিবোর্ড লেআউটগুলোর জন্য "রেফ লেখার পুরাতন নিয়ম" চালু হবে। আপনি ব্যঞ্জনবর্ণের/যুক্তাক্ষরের পরে রেফ লিখতে পারবেন, অভ্র কিবোর্ড জায়গামত রেফ সরিয়ে নিয়ে যাবে। (এই অপশনটি শুধুমাত্র আধুনিক ইউনিকোড নিয়মে ফিক্সড কিবোর্ড লেআউট দিয়ে লেখার জন্য প্রযোজ্য।)

☐ Enable "Automatic vowel Forming"

ফিক্সড কিবোর্ড লেআউট গুলোর জন্য "স্বয়ংক্রিয় স্বরবর্ণ তৈরি" চালু হবে। (এই অপশনটি শুধুমাত্র আধুনিক ইউনিকোড নিয়মে ফিক্সড কিবোর্ড লেআউট দিয়ে লেখার জন্য প্রযোজ্য।)

☑ Automatically fix "Chandra" position

ইউনিকোড নিয়মে চন্দ্র-বিন্দু (ঁ) কারের (া ি ী ...) পরে বসে। যেমন, "চাঁদ" লিখতে চাইলে আপনাকে লিখতে হবে "চ + া + ঁ + দ"। এই অপশনটি অন করা থাকলে আপনাকে ইউনিকোড নিয়ম নিয়ে চিন্তা করতে হবে না। অর্থাৎ, আপনি যদি "চ + ঁ + া + দ" লিখেন, অভ্র কিবোর্ড নিজ থেকেই চন্দ্র-বিন্দু (ঁ) কারের পরে সরিয়ে নিবে। (এই অপশনটি শুধুমাত্র আধুনিক ইউনিকোড নিয়মে ফিক্সড কিবোর্ড লেআউট দিয়ে লেখার জন্য প্রযোজ্য। পুরাতন নিয়মে লিখলে অভ্র কিবোর্ড সবসময়েই চন্দ্র-বিন্দুর (ঁ) অবস্থান ঠিক করে নিবে।)

○ **Use Full Old Style Typing**
(Use Type writer or old ASCII based typing style)

এই অপশনটি সিলেক্ট করা থাকলে আপনি পুরাতন অ্যানসি নিয়মে লিখতে পারবেন। যেমন, "কোথায়" লিখতে চাইলে আপনাকে লিখতে হবে - "ে + ক + া + থ + া য়"
বিস্তারিত জানতে চাইলে Bangla Typing with Fixed Keyboard Layouts শীর্ষক নির্দেশিকাটি পড়ুন।

☑ Enable Bangla in Number Pad

কিবোর্ডের নাম্বারপ্যাড দিয়ে বাংলা সংখ্যা লেখা যাবে।

# Global output settings:

◉ **Output as Unicode (Recommended)**

আপনি যখন বাংলা লিখবেন, অভ্র সবসময় ইউনিকোড স্ট্যান্ডার্ড মেনে চলবে।

○ **Output as ANSI (Experimental)**

অভ্র কিবোর্ড এর সাথে Kalpurush ANSI এবং Siyam Rupali ANSI নামে দুইটা আনসি (ANSI) ভিত্তিক বাংলা ফন্ট দেয়া আছে। এই ফন্ট দুইটা বিজয় ২০০০ ফন্টের সাথে কম্প্যাটিবল। যেসব সফটওয়্যারে ইউনিকোড সাপোর্ট করে না সেখানে আপনি চাইলে এসব ফন্টে সরাসরি অভ্র কিবোর্ড দিয়েই বাংলা লিখতে পারেন।

☑ Show warning in ANSI mode.

আনসি মোডে লেখার সময় সতর্কতা দেখাবে। কোন সুনির্দিষ্ট প্রয়োজন না থাকলে আপনার সবসময় ইউনিকোডেই লেখা উচিত।

আপনার কোন প্রশ্নের জবাব এইখানে খুঁজে না পেলে ওমিক্রনল্যাব ফোরামে পরামর্শ চাইতে পারেন।

http://www.omicronlab.com/forum